

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৪, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ/ ২৯ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০৬.২১-৭১।—“স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬ তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৯ জুন ২০২২ খ্রিঃ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.২২.৩৮৩ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৮(আট) জন কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ১৩ জুন, ২০২২ খ্রিঃ হতে ১৭ জুন, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলঃ

“তফসিল”

জেলার নাম	উপজেলার নাম	ক্রম	ইউনিয়ন পরিষদ	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
বগুড়া	গাবতলী	১.	সুখানপুকুর	বেগম মিজা শায়লা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বগুড়া
পাবনা	সদর	২.	ভাঁড়ারা	জনাব মোঃ শামসুজ্জামান সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পাবনা

(১০০৫৩)

মূল্য : টাকা ৪.০০

জেলার নাম	উপজেলার নাম	ক্রম	ইউনিয়ন পরিষদ	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
জয়পুরহাট	পাঁচবিবি	৩.	আশুলাই	জনাব আতিকুর রহমান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
ফরিদপুর	চরভদ্রাসন	৪.	চর বাউকান্দি	জনাব মোঃ শাওন হোসেন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর
শরীয়তপুর	সদর	৫.	চিতলিয়া	জনাব মোঃ মেসবাহ উদ্দিন খান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শরীয়তপুর
সিলেট	জকিগঞ্জ	৬.	সুলতানপুর	জনাব শ্যাম কান্ত সিংহ
		৭.	কাজলসার	সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জকিগঞ্জ, সিলেট
ব্রাহ্মণবাড়িয়া	সদর	৮.	নাটাই (দক্ষিণ)	জনাব মোঃ আল আমীন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া
কুমিল্লা	দেবিদ্বার	৯.	ভানী	জনাব মোঃ মাজহারুল হক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব(আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিয়োক্ত ছকে প্রেরণ করবেন।

জেলার নামঃ.....

ইউনিয়ন পরিষদের নামঃ.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সাভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-কে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার/পুলিশ কমিশনার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

আফরোজা শিউলী
উপ সচিব (আইন)।